**SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION**

**2019-2020**

# SAMPLE PAPER OF CLASS - XII

# SUBJECT - BENGALI (বাংলা)

# SUBJECT CODE : 105

# F.M. - 80

# Code No. 105

- Please check that this question paper contains 8 printed pages.
- Please check that this question paper contains 16 questions.
- 15 minutes time has been allotted to read this question paper will be distributed at 10.15 a.m. From 10.15 a.m. the students will read the question paper only and will not write any answer on the answer script during this period.

The Question Paper is divided into four Sections

SECTION - A : Reading (Comprehension)

SECTION - B : Grammar

SECTION - C : Composition & Writing

SECTION - D : Literature

## Class - XII (2019 - 20)
## Subject - Bengali

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮০

*Time : 3 Hrs.* | *Maximum Marks - 80*

### Section - A (Reading)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

সদাশিববাবু সকালবেলায় তাঁর পুবদিকের বারান্দায় শীতের রোদে বসে পাঁচ রকম তেতো পাতার এক কাপ রস আস্তে আস্তে তারিয়ে তারিয়ে খাচ্ছিলেন। এ হল পঞ্চতিক্ত। ভারী উপকারী। সামনে বেতের টেবিলে গত কালকের তিনখানা খবরের কাগজ, একখানা পঞ্জিকা, ডায়েরি আর কলম। আজ বন্দুক পরিষ্কার করার দিন। তাই বচন পাশে আর-একটা কাঠের টেবিলে তিনখানা ভারী বন্দুক, বন্দুকের তেল, শিক, ন্যাকড়া সব সাজিয়ে রেখে গেছে। রসটা শেষ করেই সদাশিববাবু খবরের কাগজে চোখ বোলাবেন। তার পর পঞ্জিকা খুলে আজকের তিথিনক্ষত্র ভাল করে ঝালিয়ে নেবেন। ডায়েরিতে কাল রাতে যা লিখেছেন, তার ওপর একটি সংশোধন করবেন। তার পর বন্দুক পরিষ্কার করতে বসবেন। এক-এক দিন এক-এক রকম কাজ থাকে। কোনদিন বন্দুক পরিষ্কার করা, কোনওদিন এগারোটা দেওয়ালঘড়িতে দম দেওয়া, কোনদিন পুরনো জিনিসপত্র রোদে বের করে ঝাড়পোঁছ করা, কোনওদিন চিঠি লেখা ইত্যাদি।

চারদিকে প্রায় কুড়ি বিঘে জমি আর বাগান দিয়ে ঘেরা সদাশিবাবুর বাড়িটা খুবই বিশাল। এ বাড়িতে যে কতগুলো ঘর আছে, তার হিসেব সদাশিববাবুরও ভাল জানা নেই। শোনা যায়, তাঁর পুর্বপুরুষেরা ডাকাত ছিলেন। ডাকাতি করে ধনসঞ্চয়ের পর জমিদারি কিনে ব্রিটিশ আমলে ‘রাজা’ উপাধি পেয়েছিলেন।

a) ‘পঞ্চতিক্ত’ কি ?
b) সদাশিববাবুর সামনে বেতের টেবিলে কি কি ছিল ?
c) কতগুলি দেওয়াল ঘড়িতে সদাশিববাবু দম দেন ?
d) ব্রিটিশ আসলে তাঁরা কেন ‘রাজা’ উপাধি পেয়েছিলেন ?
e) বিপরীত শব্দ লেখ ঃ সঞ্চয়

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

নরেন্দ্রনাথ দত্তর দুই ভাই কম গুণী ছিলেন না। তবে বিবেকানন্দর আলোয় দু'জনে একটু যেন ঢাকা পড়ে গিয়েছিল। ভূপেন্দ্রনাথ আর মহেন্দ্রনাথ - দুই দত্ত অবশ্য তাতে খুব একটা পরোয়া করেননি। বিবেকানন্দর প্রতি তাঁদের ভালবাসা ছিল গভীর। তবে দু'জনের ভালবাসার রকমফের আলাদা।

মহেন্দ্রনাথ নরেন্দ্রনাথের মতোই অধ্যাত্মবাদী, সাধুসঙ্গ-প্রয়াসী। জেনারেল অ্যাসেম্বলি থেকে এফএ পাস করেছিলেন, ব্রিটিশ মিউজিয়ামে গিয়েছিলেন পড়াশোনা করতে । ১৮৯৭ থেকে ১৯২০ ; ইউরোপ আর এশিয়ার নানা জায়গায় ঘুরেছেন একা একা। রামকৃষ্ণদেবের শিষ্যদের অনেকের সঙ্গে তাঁর সম্পর্ক ছিল অনুরাগ আর শ্রদ্ধার। বাংলা কলমাটি ছিল চমৎকার। সে-লেখায় বৈঠকি স্মৃতির কত যে ছবি। সেকাল যেন চোখের সামনে জীবন্ত হয়ে ওঠে। মহেন্দ্রনাথের 'কলিকাতার পুরাতন কাহিনী ও প্রথা' বইটি শ্রীপান্থর বড় প্রিয় ছিল।

মহেন্দ্রনাথের সঙ্গে বিবেকানন্দর চেহারার বেশ মিল। বিবেকানন্দর অপর ভাই ভূপেন্দ্রনাথ বিপ্লবপন্থী। পিতা বিশ্বনাথ দত্ত যখন মারা গেলেন ভুপেন্দ্রনাথের বয়স তখন মাত্র চার বছর। বাবা মারা গেলেন, দাদা নরেন্দ্র সন্ন্যাসী হয়ে গৃহত্যাগ করলেন। মহেন্দ্রনাথ, নরেন্দ্রনাথের যে সাহচর্য বয়সোচিত কারণে পেয়েছিলেন, সেই সাহচর্য ভুপেন্দ্রনাথ পাননি । মহেন্দ্রনাথ জন্মেছিলেন ১৮৬৯ সালে, দাদা বিবেকানন্দর চেয়ে তিনি বছর পাঁচকের ছোট আর ভুপেন্দ্রনাথের জন্মসাল ১৮৮০ । দাদার সঙ্গ তিনি আর তেমন করে পেলেন কোথায়! মহেন্দ্রনাথের লেখায় দাদা নরেন্দ্রর সঙ্গে খেলাধূলোয় দিন কাটানোর নানা ছবি ফিরে ফিরে আসে। তিনি বিছানায় শুয়ে নরেন্দ্রকে বলেতেন, 'ও দাদা তুই আঙ্গুল দিয়ে ছায়াবাজি কর না।', অমনি দাদা আঙ্গুল দিয়ে ছায়াবাজি দেখাতে শুরু করতেন। ঘরে পিতলের পিলসূজের উপর মাটির প্রদীপ জ্বলত ।

বিবেকানন্দর আঙ্গুলের কায়দায় দেওয়ালে বাদুড় উড়ত, ঘোড়সওয়ার ঘোড়ায় করে ছুটত।

a) 'কলিকাতার পুরাতন কাহিনী ও প্রথা' - গ্রন্থটির রচয়িতা কে ?

b) বিবেকানন্দের দুই ভাইয়ের নাম লেখ ?

c) ভূপেন্দ্রনাথ কত সালে জন্মগ্রহণ করেন ?

d) মহেন্দ্রনাথের সঙ্গে বিবেকানন্দের চেহারায় মিল ছাড়াও আর কোন্ বিষয়ে মিল ছিল ?

e) বাক্যরচনা কর ঃ সাহচর্য ।

**Section - B (Grammar)**

3. ধবনি-বিজ্ঞানের নিম্নলিখিত সূত্রগুলির মধ্যে যে কোন <u>একটির</u> দুটি-উদাহরণসহ সংজ্ঞা লেখ ঃ

3+2 = 5

a) অপিনিহিতি b) স্বরসংগতি c) স্বরভক্তি

4. যে কোনো একটি অলঙ্কারের উদাহরণ সহ সংজ্ঞা লেখো ঃ 2+3 = 5

a) যমক b) অনুপ্রাস c) উপমা

**অথবা**

অলংকার নির্নয় করো এবং সংজ্ঞা লেখ (একটি)

a) বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীণ

b) নন্দনন্দন চন্দ চন্দন গন্ধ নিন্দিত অঙ্গ।

c) ওরে ও দারুণ বিধি।
তোর ও দারুণ বিধি।

d) হৃদয় আমার নাচে রে আজিকে ময়ূরের মত নাচে রে ।

5. যে কোনো তিনটি বাগধারা / প্রবাদের অর্থ লিখে একটি করে বাক্য রচনা কর ঃ $2\times3 = 6$

ননীর পুতুল, ছাইচাপা আগুন, জলে কুমীর ডাঙ্গায় বাঘ, চোখে ধুলো দেওয়া, কানপাতলা, টনকনড়া

## Section - C
## (Composition and Writing)

6. নীচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও।

বিশ্ব বক্সিং চ্যাম্পিয়ানশিপে ষষ্ঠ সোনা জিতে কেঁদে ফেলেছিলেন মেরি কম। আর নজির গড়ার দিনই অলিম্পিকস্ক নিয়ে পরিকল্পনা শুরু করে দিয়েছেন কিংবদন্তি বক্সার। শনিবার নয়াদিল্লিতে তিনি বলেছেন, ‘‘৮৪ কেজি বিভাগে অনেক দিন ধরে লড়ছি ঠিকই, কিন্তু অলিম্পিক্সে ৫১ কেজি বিভাগের নীচে কিছু নেই। তাই আমাকে ৫১ কেজি বিভাগে লড়ার জন্য নিজেকে প্রস্তুত করতে হবে।’’

মেরি জানিয়েছেন, ৫১ কেজি বিভাগে লড়ার অভিজ্ঞতা তিনি কাজে লাগিয়েছেন ৪৮ কেজি বিভাগে। তাঁর কথায়, ‘‘৫১ কেজি বিভাগের বক্সারেরা শক্তিশালী হয়। তাদের হারানোর অভিজ্ঞতা এখানে অনেক কাজে লেগেছে ।’’ তিনি আরও বলেন, ‘‘টৌকিয়োর সোনা

জেতা নিশ্চই সোজা নয়। কিন্তু আমি প্রাণপন চেষ্টা করব দেশকে সোনা উপহার দেওয়ার।''

মেরির সাফল্যে উচ্ছ্বসিত দেশ। তাঁকে অভিনন্দন জানিয়ে টুইট করছেন অনেক তারকাই। সচিন তেণ্ডুলকর যেমন টুইট করেন, 'সরকারি ভাবে বিশ্বের সেরা বক্সার প্রমাণিত হয়েছ। তুমি অসাধারণ। বিশ্ব বক্সিং চ্যাম্পিয়নশিপে ষষ্ঠ সোনা জেতার জন্য অভিনন্দন তোমাকে। তুমিই নতুন প্রজন্মের অনুপ্রেরণা।''

a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b) দুটি বাক্যে বিষয়টির উপর আলোকপাত কর।

c) সচিন তেণ্ডুলকর টুইট করে মেরি কম সম্বন্ধে কি বলেছেন ?

7. দৈনিন্দিন জীবনে পরিবারের জন্য সময়ের অভাব, শহরে শহরে বৃদ্ধাশ্রমগুলিকে বাড়িয়ে তুলেছে- এই বিষয়ে জানিয়ে বন্ধুকে একটি চিঠি লেখ। 5

**অথবা**

'বিদেশে পাড়ি দেওয়াই হল সফলতার মাপকাঠি মন্তব্যটির পক্ষে ও বিপক্ষে মতামত জানিয়ে বাবাকে একটি চিঠি লেখ।

## Section - D (Literature)

8. 'আমায় কিছু একটা করতেই হবে।' - 1+1+3 = 5

a) কে কোন্ বিষয়ে কী করতে চেয়েছে ?

b) কিছু করার আগ্রহে প্রাথমিক ভাবে সে কী করল ?

c) তার এই কিছু করতে চাওয়ার পরিণতি কি হল ?

**অথবা**

'কতক্ষণ সে মারমুখী জনতাকে ঠেকিয়ে রাখতে পারত কে জানে।'

a) কার লেখা, কোন গল্পের অন্তর্গত ?

b) 'সে' বলতে কার কথা বলা হয়েছে ?

c) জনতা মারমুখী হয়ে উঠেছিল কেন ?

9. সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) । (যে কোন পাঁচটি) 1×5 = 5

a) 'লুকিয়ে লুকিয়ে চাল বিক্রি করে' - কে চাল বিক্রি করে ?

i) বাসিনী

ii) বড়ো পিসিমা

iii) বড়বউ

b) ‘ফুট খায়’ - কে ফুট খায় ?

i) সাধন বাবুর নাতি

ii) ছোট ছেলের নাতি

iii) সতীশবাবুর নাতি

c) বুড়িকে হরিবোল বলতে শুনেছে -

i) ভট্চাজ মশাই

ii) নকড়ি নাপিত

iii) নিবারণ বাগদি

d) ‘দোকানগুলোর ঝাঁপ বন্ধ হতে থাকল।’ দোকানের ঝাঁপ বন্ধ হতে থাকার কারণ -

i) ঝড়ে আলো নেভার কারণে

ii) রাত বেড়ে যাওয়ায় সবাই দোকান বন্ধ করল

iii) দাঙ্গা বাঁধার উপক্রম হয়েছিল

e) বটতলা থেকে থানার দূরত্ব হল— 1×5=5

i) পাঁচ ক্রোশ

ii) চার ক্রোশ

iii) ছয় ক্রোশ

f) উচ্ছবের গাঁ-জ্ঞেয়াতি তাকে ‘ছেরাদ্দ সেরে’ নেওয়ার কথা বলেছিল — কোথায়?

i) কালীঘাট।

ii) গয়ায়

iii) দক্ষিণেশ্বরে

g) ‘কে বাঁচায় কে বাঁচে’ — গল্পে গুদামে কটি তালা লাগানোর কথা আছে—

i) একত্রিশ

ii) বত্রিশ

iii) তেত্রিশ

h) ‘নিখিলকে প্রতিমাসে কিছু কিছু টাকা পাঠাতে হয়’ — কত জায়গায়?

i) চার জায়গায়

ii) দুই জায়গায়

iii) তিন জায়গায়

10. প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা লেখ: 5

‘আমি কি তাকাব আকাশের দিকে

বিধির বিচার চেয়ে?

**অথবা**

‘চিনিলাম আপনারে

আঘাতে আঘাতে

বেদনায় বেদনায়’

11. ‘গাছ আনো, বাগানে বসাও। 1+1+3=5

আমি দেখি’।

a) কার লেখা, কোন্ কবিতার অর্ন্তগত?

b) কে কাকে উদ্দেশ্য করে একথা বলেছেন?

c) এ কথার তাৎপর্য কী?

**অথবা**

‘আমি তা পারি না যা পারি কেবল সেই কবিতায় জাগে আমার বিবেক ......’

a) কার লেখা, কোন্ কবিতার অর্ন্তগত?

b) কে কি পারেন না?

c) উক্তিটির তাৎপর্য লেখ।

12. ‘আর জীবনে ভোর নেই, সকাল নেই ......’ 2+3=5

a) কে কাকে কথাটি বলেছেন?

b) কেন তিনি একথা বলেছেন?

**অথবা**

‘আহা হা, কালীনাথ সব গেল, একেবারে নিঃশেষ করে দিয়ে গেল হে আমাকে—”

a) কে কখন এই কথাটি বলেছেন?

b) এ কথা বলার কারণ কি?

13. সঠিক উত্তরটি নির্বাচন কর : (MCQ) (যে কোনো পাঁচটি) 1×5=5

a) মহম্মদের পিতার নাম কী?

i) সাজাহান

ii) ঔরঙ্গজেব

iii) মোরাদ

b) রজনীকান্ত বাবু জাতিতে ছিলেন?

i) মুচি

ii) বামুন

iii) তাঁতি

c) ‘দিলদার’ কোন নাটকের চরিত্র?

i) সাজাহান

ii) পাপপুণ্য

iii) শের আফগান

d) Farewell the tranquil mind! Farewell content - এই সংলাপটি কোন নাটকের?

i) জুলিয়াস সিজার

ii) ম্যাকবেথ

iii) ওথেলো

e) রজনীকান্ত মোমবাতিটাকে কোথায় রাখেন?

i) মাটিতে

ii) টেবিলে

iii) ছবির সামনে

f) কে রজনীকান্তকে ট্যাক্সিতে তুলে দিয়েছিলেন?

i) কালীনাথ।

ii) দিলদার

iii) রামব্রীজ

g) রজনীকান্তের মতে শিল্পকে যে ভালোবেসেছে তার কি নেই?

i) বার্ধক্য নেই

ii) শান্তি নেই

iii) প্রতিভা নেই

h) ‘ওথেলো’ নাটকটির রচয়িতা কে?

i) টলস্টয়

ii) চার্লস ডিকেন্স

iii) শেক্সপীয়ার

14. ‘স্পেনের ফিলিপ কেঁদেছিল খুব
আর কেউ কাঁদেনি’? 1+3=4

a) স্পেনের ফিলিপ কেন কেঁদেছিল?

b) ‘আর কেউ’ - বলতে কবি কী ইঙ্গিত করতে চেয়েছেন?

**অথবা**

‘‘....... বইয়ে লেখে রাজার নাম
‘রাজারা কি পাথর ঘাড়ে করে আনত’

a) কোন্ বইয়ের কথা বলা হয়েছে?

b) রাজারা পাথর ঘাড়ে করে আনত কিনা বুঝিয়ে দাও।

15. ‘ইচ্ছে করলেই কি যাওয়া যায়? 1+4=5

a) কার, কোথায় যাওয়ার কথা বলা হয়েছে?

b) লেখকের এরূপ উক্তির কারণ কি?

**অথবা**

‘‘লোকটা একজন পয়লা নম্বরের ভন্ড’’।

a) কোন্ লোকটির কথা এখানে বলা হয়েছে?

b) কেন তার এরূপ মনে হয়েছিল?

16. সঠিক উত্তরটি নির্বাচন কর : (MCQ) (যে কোনো পাঁচটি) 1×5=5

a) যখন আগুন দেখে জন্তু-জানোয়ার দৌড়ায়, সেই সুযোগে পাহাড়ী মেয়ে পুরুষেরা কী করে?

i) নাচ করে

ii) গান করে

iii) শিকার করে

b) প্রকান্ড একটা চাবির রিং গলায় ঝুলিয়ে চরকির মতো ঘুরে বেড়াচ্ছে —

i) দাড়িওয়ালা সেপাই

ii) বন্দুকধারী সেপাই

iii) উর্দিপরা সেপাই

c) গারো চাষিটির নাম কী ছিল?

i) চিংম্যান

ii) চুংম্যান

iii) চেংমান

d) ‘‘উনি আবার কবে ডিরেক্টর হলেন?’’ — উনি কে?

i) হরদয়ালবাবু

ii) রামদুলালবাবু

iii) বিনোদবাবু

e) সারা রাস্তা পাখিদের ভুল বোঝাতে বোঝাতে স্টিমার গিয়ে ভিড়ল—

i) সাহেবগঞ্জ

ii) সকরিগলি ঘাট

iii) মনিহারি ঘাট

f) ‘‘হাঁটুর মধ্যে মুখ গুঁজে বসে আছে প্রকান্ড এক দৈত্য’’

— দৈত্য বলতে কাকে বোঝানো হয়েছে?

i) হিমালয় পর্বত

ii) মরুভূমি

iii) বনাঞ্চল

g) এই অঞ্চলে কতগুলো গ্রামে ডালুদের বাস?

i) একশো

ii) দুশো

iii) পঞ্চাশ

h) পাহাড়ী নদী সর্বদা যেন রেগে টং হয়ে আছে — কোন নদী?

i) ধলেশ্বরী

ii) সোমেশ্বরী

iii) তিস্তা